

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অভিযন্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বিবার, জুলাই ২৮, ২০১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পর্যটন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

প্রজাপন

তারিখ, ৭ শ্রাবণ ১৪২০ বঙ্গাব্দ/২২ জুলাই ২০১৩ প্রিস্টার্স

এস, আর, ও নং ২৫৩-আইন/২০১৩।—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯  
(২০০৯ সনের ৬১নং আইন) এর ধারা ৯৬ এর দফা (ট) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার  
স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী চাকুরী বিধিমালা, ২০১১ এর নিম্নরূপ সংশোধন করিল,  
যথা ১—

উপরি-উক্ত বিধিমালা—

(১) বিধি ২ এর—

(ক) দফা (ট) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ট) প্রতিস্থাপিত হইবে, যথা ১—

“(ট) “নিয়োগকারী কর্তৃপক্ষ” অর্থ সচিব পদের ক্ষেত্রে জেলা প্রশাসক এবং  
অন্যান্য পদের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার;” এবং

(খ) দফা (প) এর পরিবর্তে নিম্নরূপ দফা (প) প্রতিস্থাপিত হইবে, যথা ১—

“(প) “হিসাব রক্ষণ কর্মকর্তা” অর্থ জেলা অথবা, ক্ষেত্রমত, উপজেলা হিসাব  
রক্ষণ কর্মকর্তা;”;

(৬৫৩৫)  
মূল্য : টাকা ৪.০০

(২) বিধি ৭ এর পরিবর্তে নিম্নক্রম বিধি ৭ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“৭। বাছাই করিতি।—(১) সচিব পদে নিয়োগের ক্ষেত্রে জেলা প্রশাসক এবং অন্যান্য পদে সরাসরি বা পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার বাছাই করিতি গঠন করিবেন।

(২) বাছাই বার্মিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে সরাসরি বা পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।”

(৩) বিধি ৮ এর পরিবর্তে নিম্নক্রম বিধি ৮ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“৮। বেতন ও ডাতা।—সরকারি কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য আভীয় বেতনক্ষেত্র এর আলোকে কর্মচারীদের বেতন ও ডাতা নির্ধারণ করিতে হইবে।”

(৪) বিধি ২৪ এর উপ-বিধি ২ এর পরিবর্তে নিম্নক্রম উপ-বিধি (২) ও (৩) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(২) ৫(পাঁচ) দিনের অধিক নৈমিত্তিক ছুটিসহ অন্যান্য ছুটির আবেদন ইউনিয়ন পরিষদ কর্তৃক নির্দিষ্ট ফরমে উপজেলা নির্বাহী অফিসারের নিকট দাখিল করিতে হইবে।

(৩) উপ-বিধি (২) এ যাত্র কিছুই ধারুক না কেন, চেয়ারম্যান কর্মচারীদের নৈমিত্তিক ছুটি মন্তব্য করিবেন :

তবে শর্ত থাকে যে, তিনি একত্রে ৫(পাঁচ) দিনের অধিক নৈমিত্তিক ছুটি মন্তব্য করিতে পারিবেন না।”;

(৫) বিধি ২৭ এর উপ-বিধি (২) এর পরিবর্তে নিম্নক্রম উপ-বিধি (২) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(২) উপজেলা নির্বাহী অফিসার চেয়ারম্যানের সুপারিশের ভিত্তিতে ভ্রমণ ডাতা মন্তব্য করিতে পারিবেন।”।

রাষ্ট্রপতির আদেশস্বরূপে

আবু আলম মোঃ শহিদ খান  
সচিব।

---

উপ পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢেক্সা ও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
আনন্দুর বিশিষ্ট (উপ সচিব), উপ পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
ডেক্সা ও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)